

## বাংলা একাডেমি বিজ্ঞান পত্রিকা

৪৮ বর্ষ ১ম সংখ্যায় (জুলাই ২০২২-ডিসেম্বর ২০২২) প্রকাশের জন্য বিজ্ঞানবিষয়ক লেখা আহ্বান করা হচ্ছে  
বিস্তারিত জানতে নিম্নে প্রদত্ত লেখকদের জন্য বিশেষ নির্দেশনা দেখুন

### লেখকদের জন্য বিশেষ নির্দেশনা

- বিজ্ঞানের যে কোনো শাখায় কর্মরত ব্যক্তি বাংলা একাডেমি বিজ্ঞান পত্রিকায় প্রকাশের জন্য বাংলা ভাষায় রচিত প্রেরণ করতে পারেন। এই পত্রিকায় প্রকাশের জন্য মূলপ্রবন্ধ, সংক্ষিপ্ত প্রবন্ধ, বিজ্ঞানবিশ্লেষণ, পৃষ্ঠক আলোচনা এবং পৃষ্ঠক পরিচিতি-শিরোনামে লেখা গ্রহণ করা হয়। উপর্যুক্ত বিষয়ের ওপর মৌলিক প্রবন্ধ প্রকাশের জন্য বিবেচনা করা হবে। পত্রিকায় প্রকাশের জন্য প্রেরণের সময় প্রাবন্ধিককে এই মর্মে লিখিত অঙ্গীকারনামা দিতে হবে যে, প্রবন্ধটি অন্য কোনো পত্রিকা বা সাময়িকপত্রে প্রকাশের জন্য প্রেরিত হয়নি বা প্রকাশের জন্য বিবেচনাযীন নয়।
- প্রয়োজনীয় ফুটনোট সংযোজন করতে হবে। প্রাণী ও উভিদের নাম পূর্ণাঙ্গভাবে লিখতে হবে, যেমন—সাধারণ নাম, প্রাধিকারসহ বৈজ্ঞানিক নাম।
- প্রবন্ধে যেসব বিষয় যুক্ত থাকবে, সেসব হলো প্রবন্ধের শিরোনাম, লেখকের নাম ও পরিচিতি, ফোন নম্বর, ই-মেইল, সারসংক্ষেপ (ইংরেজি ভাষাসহসহ), ভূমিকা, ব্যবহৃত উপকরণ ও প্রক্রিয়া, ফলাফল এবং আলোচনা, কৃতজ্ঞতা (যদি থাকে) এবং তথ্যপঞ্জি। বৈজ্ঞানিক নেট বা সংক্ষিপ্ত প্রবন্ধের দৈর্ঘ্য মুদ্রিত তিন-চার পৃষ্ঠার মধ্যে হতে হবে।
- প্রবন্ধের শিরোনাম ও প্রবন্ধকার বা প্রবন্ধকারদের নাম উল্লেখ করতে হবে। শিরোনাম সংক্ষিপ্ত হওয়া বাস্তুনীয়। লেখা সুতোয়ী এমজে ফন্টে ইমেইলে পাঠানোর অনুরোধ করা হচ্ছে। কোনোক্রমেই ইউনিকোড ফট ব্যবহার করা যাবে না।
- সার-সংক্ষেপ (বাংলা ও ইংরেজি) ১৫০ শব্দের বেশি না হওয়াই বাস্তুনীয়।
- গ্রাফ, রেখাচিত্র ও আলোকচিত্রের আকার কমপক্ষে ৩৬০ পিক্সেল হতে হবে।
- সারণির বিষয়বস্তু সম্পর্কে সুস্পষ্ট শিরোনাম এবং সহজে বোধগম্য একক ব্যবহার করতে হবে। বড় ও জটিল সারণি পরিহার করতে হবে। সারণি ও গ্রাফে একই ধরনের উপাত্ত দেয়া যাবে না। প্রবন্ধে ব্যবহারক্রম অনুসারে সারণিসমূহ রোমান সংখ্যায় চিহ্নিত করতে হবে। সারণিতে ব্যবহৃত ফুটনোট সুপারস্ক্রিপ্টে দিতে হবে এবং তা সারণির টিক নিচেই যুক্ত করতে হবে।
- প্রবন্ধে মেট্রিক পদ্ধতির একক ব্যবহার করতে হবে। নিম্নলিখিত এককসমূহের সংক্ষিপ্ত রূপ আন্তর্জাতিকভাবে বীকৃত যেমন—শতকরা (%), সেন্টিমিটার (cm), বর্গ সেন্টিমিটার ( $\text{cm}^2$ ), মিলিমিটার (mm), বর্গ মিলিমিটার ( $\text{mm}^2$ ), ঘন মিলিমিটার ( $\text{mm}^3$ ), মিলিলিটার (ml), থাম (gm), মিলিগ্রাম (mg), মাইক্রোগ্রাম ( $\mu\text{g}$ ), সেকেন্ড (sec), মিনিট (min), ঘণ্টা (h), ডিগ্রি সেলসিয়াস ( $^{\circ}\text{C}$ ), ক্যালোরি (cal), কিলোক্যালোরি (kcal) প্রভৃতি।
- তথ্যপঞ্জি প্রবন্ধের শেষে উল্লেখ করতে হবে। লেখকের নামের পর প্রকাশকাল, গবেষণাপত্র, প্রবন্ধ বা গ্রন্থের নাম, সাময়িকপত্রের সংক্ষিপ্ত নাম, সাময়িকপত্রের সংখ্যা ও কোলন দিয়ে পৃষ্ঠাসংখ্যা উল্লেখ করতে হবে। দুজন প্রবন্ধকারের ক্ষেত্রে তথ্যপঞ্জি লেখার সময় প্রবন্ধের মূল পাঠে যেভাবে উল্লেখ করা হয়েছে, সেভাবেই লেখকের শেষ নাম প্রথমে লিখতে হবে কিন্তু তিনজন লেখকের ক্ষেত্রে প্রথম লেখকের নাম শেষ নামভিত্তিতে উল্লেখ করতে হবে এবং তারপর প্রমুখ বা *et al.*, শব্দটি ব্যবহার করতে হবে। একই লেখকের একাধিক প্রবন্ধ, নিবন্ধ, গবেষণাপত্র বা বই নির্দিষ্ট একটি বছরে প্রকাশিত হলে, সেগুলো a, b, c প্রভৃতি দিয়ে উল্লেখ করতে হবে। উদাহরণস্বরূপ (১৯৯৮এ)। প্রবন্ধের মূল পাঠে তথ্যপঞ্জি দুভাবে উল্লেখ করা যেতে পারে। যেমন—(ক) প্রকাশকাল ব্র্যাকেটের মধ্যে রেখে যেমন Wilson (১৯৯৮)-এর মতে এবং (খ) লেখকের নাম ও প্রকাশকাল উভয়ই ব্র্যাকেটের মধ্যে রেখে ও এক্ষেত্রে লেখকের নাম ও প্রকাশকালের মধ্যে একটি কমা (,) ব্যবহার করতে হবে। যেমন—সাম্প্রতিক তথ্য অনুযায়ী (Wilson, ১৯৯৮)। World List of Scientific Periodicals-এ প্রকাশিত তালিকা অনুসরণ করে বৈজ্ঞানিক সাময়িক পত্রসমূহের নাম সংক্ষিপ্তভাবে লিখতে হবে ও তথ্যপঞ্জিতে এছের নাম উল্লেখ করার জন্য প্রথমেই লেখকের নাম লিখতে হবে ও তারপর ধারাবাহিকভাবে প্রকাশকাল, গ্রন্থের নাম, প্রকাশকের নাম উল্লেখ করতে হবে ও পুরো গ্রন্থ উল্লেখ করার সময় গ্রন্থের মোট পৃষ্ঠা এবং নির্দিষ্ট কোনো পৃষ্ঠা উল্লেখ করার ক্ষেত্রে কেবল সেই পৃষ্ঠাসংখ্যা উল্লেখ করতে হবে।
- বাংলা একাডেমি বিজ্ঞান পত্রিকা কর্তৃপক্ষ যে কোনো লেখা প্রকাশ বা বাতিল করার অধিকার রাখেন।
- প্রকাশিত বা অপ্রকাশিত কোনো লেখাই ফেরত দেয়া সম্ভব নয়। প্রকাশের জন্য গৃহীত লেখা কোন সংখ্যায় প্রকাশ করা হবে, তা কর্তৃপক্ষ নির্ধারণ করবেন।
- একজন লেখকের একাধিক লেখা বাংলা একাডেমি বিজ্ঞান পত্রিকার একই সংখ্যায় প্রকাশ করা হবে না।
- প্রকাশিত লেখার জন্য বাংলা একাডেমির নিয়ম অনুযায়ী প্রত্যেক লেখককে সম্মান দেয়া হবে।

যোগাযোগের ঠিকানা

সমীর কুমার সরকার

নির্বাচী সম্পাদক

বাংলা একাডেমি বিজ্ঞান পত্রিকা

বাংলা একাডেমি

৩, কাজী নজরুল ইসলাম অ্যাভিনিউট, ঢাকা, বাংলাদেশ

ফোন : ৫৮৬১১১০৭, ০১৭১২১৮৪৮০৬

ই-মেইল : bapt\_bp@gmail.com

